দৈনিক বাংলা

তারিখ ... 02 APR 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

14

# ডিগ্রী পরীক্ষা ঃ একটি কেন্দ্রে তিন বস্তা নকল উদ্ধার

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

১৬৪ জন ডিগ্রী পরীক্ষার্থী। এদের কাছ থেকে উদ্ধার করা হয়েছে তিন বস্তারও বেশী নকল। উদ্ধার করা নকলের মধ্যে রয়েছে হিসাব বিজ্ঞানের ঢাউস সাইজের বই থেকে শুরু করে মোটা মোটা খাতা। গত ৩০শে মার্চ কিশোরগঞ্জের গুরুদয়াল সরকারী কলেজ পরীক্ষা কেন্দ্র থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের নেতৃত্বে একটি পরিদর্শক দল এসব নকল উদ্ধার করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মোঃ হাবিবুর রহমান গতকাল তার অফিসে এক সংবাদিক সম্মেলনে গুরুদয়াল সরকারী কলেজ কেন্দ্রে নকলের লোমহর্ষক বিবরণ তুলে ধরেন। তিনি জানান, এই কেন্দ্রে ডিগ্রী পরীক্ষা শুরুর প্রথম দিনেই (৫ই ফেব্রুয়ারী) নৈরাজ্য কায়েম করা হয়। ছাত্ররা নকল করতে বাধা দেয়ায় শিক্ষকদের মারধর করে এবং প্রাণনাশের হুমকি দেয়। শিক্ষকরা প্রাণভয়ে পরীক্ষার হল থেকে বেরিয়ে যান। এরপর থেকেই এই পরীক্ষা কেন্দ্রে কোন পরিদর্শকের উপস্থিতি ছাড়াই পরীক্ষা নেয়া হচ্ছে। এ কেন্দ্রে নকলে

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষা

(প্রথম পৃষ্ঠার পর)

বাধা দিতে গিয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং একজন ম্যাজিস্ট্রেটও ছাত্র-ছাত্রীদের হাতে নাজেহাল হন বলে তিনি জানান।

জনাব হাবিবুর রহমান জানান, গত ৩০শে মার্চ তিনি কয়েকজন সহকর্মী নিয়ে ঐ পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে যান। তারা পরীক্ষার হলে ছাত্র-ছাত্রীদের ফ্রিস্টাইলে নকল করতে দেখেন। এসময় হলে কোন পরিদর্শক উপস্থিত ছিলেন না। পরিদর্শক দল পরীক্ষার হল থেকে তিন বস্তারও বেশী নকল উদ্ধার করে।

এক প্রশ্নের উত্তরে পরীক্ষা নিয়ন্ত্রক জানান, এই কেন্দ্রের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে। কারণ পরিদর্শকের উপস্থিতি ছাড়া পরীক্ষা গ্রহণযোগ্য নয়। গুরুদয়াল কলেজের শিক্ষকরা ছাত্রদের হাতে জিম্মি হয়ে আছে বলে তিনি জানান।